



# Daily Monitoring Report

Directorate of Monitoring

Bangladesh Betar, Dhaka

e-mail: dmr.dm@betar.gov.bd

Magh 19, 1432 Bangla, February 02, 2026, Monday, No. 33, 56<sup>th</sup> year

## H I G H L I G H T S

Home Adviser Lt Gen (retd) Md Jahangir Alam Chowdhury has warned that legal action will be taken against anyone attempting to disrupt internet services during the election period. (BBC: 03)

Foreign Affairs Adviser Md Touhid Hossain has said he expects voter turnout in the upcoming national election to exceed 55 percent. (BBC: 03)

Bangladesh Bank is set to impose strict limits on mobile financial services (MFS) and internet banking transactions ahead of the upcoming national parliamentary elections. (Jago FM: 09)

BNP has objected to Election Commission regarding the appointment of the National Cadet Corps (BNCC) in the national parliamentary elections. (BBC: 04)

Election Observer Society holds a human chain with several demands, including ensuring allowances and adequate security for observers of the 13th parliamentary elections. (Jago FM: 09)

BNP has alleged that an unusually large number of voters had been migrated to certain constituencies in Dhaka city and other parts of the country in the last one and a half years. (Jago FM: 08)

DB Cyber Crime Unit has said an investigation into the allegations that the X account of Bangladesh Jamaat-e-Islami Ameer Dr. Shafiqur Rahman was hacked. (BBC: 03)

Nurunnesa Siddique, secretary of the women's wing of Jamaat-e-Islami, said they supported the party by accepting that women cannot take leadership positions in Islamic organizations. (BBC: 05)

India's Union Budget 2026-27 has significantly reduced the allocation for Bangladesh to Rs 60 crore, half of the previous year. (Jago FM: 10)

A Dhaka court has imposed a travel ban on Mohammad Ejaz, the Administrator of Dhaka North City Corporation, preventing him from leaving the country. (BBC: 04)

Director: 44813046

Deputy News Controller: 44813048  
44813179

Assistant News Controller: 44813047  
44813178

**দৈনিক মনিটরিং রিপোর্ট**  
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**  
**মাঘ ১৯, বাংলা ১৪৩২, ফেব্রুয়ারি ০২, ২০২৫, সোমবার, নং- ৩৩, ৫৬তম বছর**

## শিরোনাম

নির্বাচনকালীন সময়ে কেউ ইন্টারনেট সেবা ব্যাহত করার চেষ্টা করলে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী। (বিবিসি: ০৩)

আসছে জাতীয় সংসদ নির্বাচনে ভোটার উপস্থিতি ৫৫ শতাংশ ছাড়িয়ে যাবে বলে আশাবাদ ব্যক্ত করেছেন পররাষ্ট্র উপদেষ্টা তৌহিদ হোসেন। (বিবিসি: ০৩)

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে মোবাইল ব্যাংকিং সেবা ও ইন্টারনেট ব্যাংকিংয়ের মাধ্যমে অর্থ লেনদেনে কড়াকড়ি আরোপের উদ্যোগ নিয়েছে বাংলাদেশ ব্যাংক। (জাগো এফএম: ০৯)

জাতীয় সংসদ নির্বাচনে ন্যাশনাল ক্যাডেট কোর বা বিএনসিসি নিয়োগ করার বিষয়ে নিজেদের আপত্তির কথা নির্বাচন কমিশনকে জানিয়েছে বিএনপি। (বিবিসি: ০৪)

ত্রয়োদশ সংসদ নির্বাচনের পর্যবেক্ষকদের ভাটা এবং পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতসহ বিভিন্ন দাবি নিয়ে মানববন্ধন করছেন ইলেকশন অবজারভার সোসাইটি। (জাগো এফএম: ০৯)

নির্বাচন পরিচালনা কমিটির প্রধান নজরুল ইসলাম খান বলেছেন, গত দেড় বছরের মধ্যে মহানগরীসহ দেশের বিভিন্ন এলাকায় প্রচুর ভোটারের মাইগ্রেশন হয়েছে যা অস্বাভাবিক। (জাগো এফএম: ০৮)

বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমানের এক্স অ্যাকাউন্ট হ্যাক হওয়ার অভিযোগ তদন্ত করার কথা জানিয়েছেন ডিবি'র সাইবার ক্রাইম ইউনিট। (বিবিসি: ০৩)

জামায়াতে ইসলামীর মহিলা বিভাগের সেক্রেটারি নুরুন্নেসা সিদ্দিকা বলেছেন, ইসলামী সংগঠনে নারীরা নেতৃত্বে আসতে পারে না; আমরা এটা মেনে নিয়েই ঈমান এনেছি। (বিবিসি: ০৫)

ভারতের ২০২৬-২৭ অর্থবছরের কেন্দ্রীয় বাজেটে বাংলাদেশের জন্য বরাদ্দ উল্লেখযোগ্যভাবে কমিয়ে ৬০ কোটি রুপি করা হয়েছে, যা আগের চেয়ে অর্ধেক। (জাগো এফএম: ১০)

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) প্রশাসক মোহাম্মদ এজাজের দেশত্যাগে নিষেধাজ্ঞা দিয়েছেন আদালত। (বিবিসি: ০৪)

## বিবিসি

### নির্বাচনের সময় ইন্টারনেট সেবা ব্যাহত করার চেষ্টা হলে ব্যবস্থা : স্বরাষ্ট্র উপদেষ্টা

নির্বাচনকালীন সময়ে কেউ ইন্টারনেট সেবা ব্যাহত করার চেষ্টা করলে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী। বাংলাদেশ সংবাদ সংস্থার খবর অনুযায়ী, রোববার দুপুরে চট্টগ্রাম নগরীর ওয়ার্ল্ড ট্রেড সেন্টারে চট্টগ্রাম বিভাগের বিভিন্ন স্তরের প্রশাসন ও আইন-শৃঙ্খলা বাহিনীর কর্মকর্তাদের সঙ্গে এক সভা শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। তিনি বলেন, “নির্বাচনের সময় কেউ যদি ইন্টারনেট সেবা ব্যাহত করার চেষ্টা করে, তাহলে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।” স্বরাষ্ট্র উপদেষ্টা জানান, চট্টগ্রামের পাহাড়, সমতল ও উপকূলীয় এলাকা এই বৈচিত্র্যময় ভৌগোলিক পরিস্থিতি বিবেচনায় নিয়ে নির্বাচনের সময় সেনাবাহিনী, নৌবাহিনী ও বিমানবাহিনী মোতায়েন করা হবে। তিনি আরও বলেন, “ইন্টারনেট খোলা থাকবে। আপনাদের মুখ পুরোপুরি খোলা। আপনারা এখানে সত্য তুলে ধরার জন্যই আছেন। আপনারা যদি সত্য প্রকাশ করতে না পারেন, তাহলে মানুষ সঠিক তথ্য পাবে না। তাই আমরা চাই, সাংবাদিকরা স্বাধীনভাবে কাজ করুক এবং সত্য বলুক।” নির্বাচন প্রস্তুতি সম্পর্কে জানতে চাইলে স্বরাষ্ট্র উপদেষ্টা প্রশাসন ও আইন-শৃঙ্খলা বাহিনীর প্রস্তুতি নিয়ে সন্তোষ প্রকাশ করেন। তিনি বলেন, “তাদের প্রস্তুতি বেশ ভালো। এই প্রস্তুতি অনুযায়ী কাজ এগোলে নির্বাচন হবে সুষ্ঠু ও উৎসবমুখর।” (বিবিসি ওয়েব পেজ: ০১.০২.২০২৬ এলিনা)

### নির্বাচনে ৫৫ শতাংশ ভোটের উপস্থিতির আশা পররাষ্ট্র উপদেষ্টার

আসছে জাতীয় সংসদ নির্বাচনে ভোটের উপস্থিতি ৫৫ শতাংশ ছাড়িয়ে যাবে বলে আশাবাদ ব্যক্ত করেছেন পররাষ্ট্র উপদেষ্টা তৌহিদ হোসেন। রোববার মিডিয়া রিসোর্স ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ (এমআরডিআই) ও ডিপ্লোম্যাটিক করেসপন্ডেন্টস অ্যাসোসিয়েশন, বাংলাদেশ (ডিকাব) আয়োজিত এক প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে তিনি এই প্রত্যাশার কথা জানান। ১৯৯১ সালের প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ নির্বাচনের উদাহরণ টেনে পররাষ্ট্র উপদেষ্টা বলেন, সেই নির্বাচনে ৫৫ শতাংশ ভোট পড়েছিল। আমার বিশ্বাস, ১২ তারিখের নির্বাচনে সেটা ছাড়িয়ে যাবে।” এছাড়া, নির্বাচনে বিক্ষিপ্ত বা বিচ্ছিন্ন সহিংসতা হতে পারে বলে আশঙ্কা প্রকাশ করেছেন তিনি। পররাষ্ট্র উপদেষ্টা বলেন, আসছে জাতীয় নির্বাচনে বিক্ষিপ্ত বা বিচ্ছিন্ন সহিংসতা হতে পারে। কিন্তু তারপরও বাংলাদেশের মানুষ শান্তিপূর্ণ নির্বাচনের প্রত্যাশা করছে। এছাড়া, গণভোটে ‘হ্যাঁ’ ভোট প্রসঙ্গে তিনি বলেন, আগে ‘হ্যাঁ’ ভোট নিয়ে কিছু মানুষের মধ্যে বিভ্রান্তি ছিল, যেহেতু বড় দলগুলো এখন ‘হ্যাঁ’ ভোটের পক্ষে, তাই আমার মনে হয় এটি খুব সহজেই পাস হবে।”

(বিবিসি ওয়েব পেজ: ০১.০২.২০২৬ এলিনা)

### পোস্টের নয় ঘণ্টা পর আইডি হ্যাকের দাবি কতটা যৌক্তিক? প্রশ্ন মাহদী আমিনের

জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমানের এক্স (সাবেক টুইটার) অ্যাকাউন্ট থেকে কর্মজীবী নারীদের নিয়ে ‘আপত্তিকর’ মন্তব্যের তীব্র ক্ষোভ প্রকাশ করেছেন বিএনপির নির্বাচন পরিচালনা কমিটির মুখপাত্র ও দলের চেয়ারম্যানের উপদেষ্টা মাহদী আমিন। রোববার, সকালে গুলশানে বিএনপির নির্বাচন পরিচালনা অফিসে এক সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। ওই পোস্টে কর্মজীবী নারীদের ‘পতিতাবৃত্তির’ সঙ্গে তুলনা করা হয়। পরে জামায়াতে ইসলামীর পক্ষ থেকে আইডি হ্যাকের দাবি করা হলে মাহদী আমিন প্রশ্ন রাখেন, “নারী বিদ্বেষী একটি পোস্টের নয় ঘণ্টা পর দেশব্যাপী তুমুল সমালোচনার মুখে রাত ১টার দিকে আইডি হ্যাকের দাবি কতটা যৌক্তিক?” তিনি আরো জানান, কোনো গুরুত্বপূর্ণ বা ভ্যারিফায়ড অ্যাকাউন্ট হ্যাক হলে প্রথম ও প্রধান দায়িত্ব হলো দ্রুততম সময়ে তা জনগণ ও মিডিয়াকে অবহিত করা। কিন্তু এখানে দেখা গেল পোস্টটি আপলোডের অনেক পরে হ্যাকিং-এর দাবি তোলা হয়েছে। অথচ ওই সময়ের মধ্যে জামায়াতে আমিরের ফেসবুক অ্যাকাউন্ট থেকে অনেক নির্বাচনি প্রচারণার কন্টেন্ট পোস্ট করা হয়েছে। কিন্তু সেখানে এক্স অ্যাকাউন্ট হ্যাক নিয়ে একটা পোস্টও নেই। ওই পোস্টে নারীদের উদ্দেশ্য যে নোংরা, জঘন্য ও অবমাননাকর ভাষা ব্যবহার করায় দেশব্যাপী যে আলোচনা চলছে, তা সঠিক হলে সেটি পুরো সমাজ ব্যবস্থাকে মধ্যযুগীয় অন্ধকারে ঠেলে দেওয়ার প্রচেষ্টা বলে মন্তব্য করেছেন তিনি। মাহদী আমিন বলেন, “জামায়াতের জন্য নারীবিদ্বেষী আচরণ নতুন কিছু নয়, এর আগেও নানা সময়ে নারীদের নিয়ে তাদের বিতর্কিত নানা কর্মকাণ্ড লক্ষ্যণীয় ছিল। নির্বাচন সামনে রেখে গণজোয়ার ঠেকাতে বিএনপি ও এর অঙ্গসহযোগী সংগঠনের বিরুদ্ধে পরিকল্পিতভাবে নানা অপপ্রচার ও ষড়যন্ত্র করা হচ্ছে।” (বিবিসি ওয়েব পেজ: ০১.০২.২০২৬ এলিনা)

### জামায়াত আমিরের এক্স আইডি হ্যাকের অভিযোগে যা বললেন ডিবি

বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমানের এক্স অ্যাকাউন্ট হ্যাক হওয়ার অভিযোগ তদন্ত করার কথা জানিয়েছেন ডিবির সাইবার ক্রাইম ইউনিটের জয়েন্ট কমিশনার সৈয়দ হারুন অর রশীদ। রোববার সাংবাদিকদের তিনি বলেন, “ডা. শফিকুর রহমানের বিষয়টি গুরুত্বের সঙ্গে খতিয়ে দেখছে ডিবি। এখন দেখা হচ্ছে, এটি সত্যিই হ্যাক হয়েছে কি না। যদি হ্যাক হয়ে থাকে, তাহলে কারা এবং কীভাবে হ্যাক করেছে, তা তদন্ত করা হচ্ছে।” জামায়াত আমির ডা. শফিকুর রহমানের এক্স হ্যাণ্ডেল থেকে নারীদের নিয়ে একটা অবমাননাকর পোস্ট ভাইরাল হয়। পরে দলটির নির্বাচন পরিচালনা কমিটির সদস্য ও ছাত্র-শিবিরের সাবেক সভাপতি সিরাজুল ইসলাম শনিবার রাতে দাবি

করেন, শনিবার বিকেল ৪টার দিকে হঠাৎ করেই হ্যাক হয় জামায়াত আমিরের ব্যক্তিগত এক্স অ্যাকাউন্ট। এর কিছুক্ষণ পরই সাড়ে ৪টার দিকে আইডি থেকে একটি নারী অবমাননাকর ও অপ্রত্যাশিত পোস্ট করা হয়। বিষয়টি নজরে আসতেই দলের সাইবার টিম আইডি উদ্ধারে কাজ শুরু করে এবং বিকেল ৫টার পর অ্যাকাউন্টটি পুনরায় নিয়ন্ত্রণে নিতে সক্ষম হয়। দ্রুততম সময়ে বিতর্কিত পোস্টটি সরিয়ে ফেলা হলেও, ততক্ষণে বিভিন্ন প্ল্যাটফর্মে তা নিয়ে অপপ্রচার শুরু হয় বলেও জানান তিনি। এ ঘটনায় হাতিরঝিল থানায় একটি সাধারণ ডায়েরি করা হয়েছে বলে জানান সিরাজুল ইসলাম। (বিবিসি ওয়েব পেজ: ০১.০২.২০২৬ এলিনা)

### বিএনসিসি নিয়োগের বিষয়ে নির্বাচন কমিশনের কাছে আপত্তি জানিয়েছে বিএনপি

বাংলাদেশের সংসদ নির্বাচনে ন্যাশনাল ক্যাডেট কোর বা বিএনসিসি নিয়োগ করার বিষয়ে নিজেদের আপত্তির কথা নির্বাচন কমিশনকে জানিয়েছে বিএনপি। রোববার দুপুরে আগারগাঁওয়ের নির্বাচন ভবনে সিইসি এএমএম নাসির উদ্দিনের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের এ কথা জানান বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও নির্বাচন পরিচালনা কমিটির প্রধান নজরুল ইসলাম খান বিএনপির এই নেতা বলেন, ইতিহাসে প্রথমবারের মতো বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোরের (বিএনসিসি) সদস্যদের যারা ছাত্র, তাদেরকে নির্বাচনের কাজে যুক্ত করার ব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার কথা তারা শুনেছেন, যদিও এটা চূড়ান্ত হয়নি। ছাত্রদের সংসদ নির্বাচনের মতো জটিল রাজনৈতিক প্রক্রিয়ায় সম্পৃক্ত করা ঠিক হবে না বলে তারা জানিয়েছেন। “এই কাজে যুক্ত হলে তারা ও তার প্রতিষ্ঠান বিতর্কিত হতে পারে, সেজন্য ভালো হয়, তাদেরকে নির্বাচন প্রক্রিয়ায় সম্পৃক্ত না করা,” তিনি বলেন। তিনি জানান, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী হিসেবে আইনে যাদের উল্লেখ আছে, তাদেরকে নির্বাচনের কাজে রাখা উচিত। ইসি তাদের এই কথার যৌক্তিকতা স্বীকার করে এ বিষয়ে আলোচনার ভিত্তিতে সিদ্ধান্ত নেওয়ার ব্যাপারে আশ্বস্ত করেছে বলে তিনি জানিয়েছেন। সংবাদ সম্মেলনে ঢাকা মহানগরীসহ দেশের বিভিন্ন আসনে অস্বাভাবিক ‘ভোটের মাইগ্রেশন’ এবং নির্বাচনি আচরণবিধি লঙ্ঘনের মতো অভিযোগ করেন তিনি। নজরুল ইসলাম খান বলেন, “গত এক দেড় বছরে ঢাকা মহানগরসহ দেশের বিভিন্ন এলাকায় প্রচুর ভোটের মাইগ্রেশন হয়েছে (ভোটের স্থানান্তর)। বিশেষ বিশেষ কিছু এলাকায় অনেক নতুন ভোটের হয়েছে, যেটা অস্বাভাবিক। এটা কখনও আগে হয়নি।” জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে সিইসির সঙ্গে বৈঠক করে বিএনপির একটি প্রতিনিধিদল। বৈঠকে আলোচনায় বিএনপির প্রতিনিধি দল ভোটের মাইগ্রেশনের বিষয়টি তুলে ধরলে ইসি তাদেরকে জানান, তারা সংশ্লিষ্ট বিভাগে খোঁজ করে জানতে পেরেছেন, কোনো আসনে দু-তিন হাজারের বেশি ভোটের স্থানান্তর হয়নি। ইসির এমন বক্তব্যে বিএনপি সন্তুষ্ট নয় জানিয়ে নজরুল ইসলাম খান বলেন, তারা নিশ্চিত জানেন, প্রকৃতপক্ষে অনেক বেশি ভোটের মাইগ্রেশন হয়েছে। যারা ইসিকে এ সংক্রান্ত তথ্য সরবরাহ করেছেন, তারা সঠিক তথ্য দেননি। বিভিন্ন জায়গায় নির্বাচনি আচরণবিধি লঙ্ঘনের ঘটনায় যথাযথ ব্যবস্থা নেওয়া হচ্ছে না বলেও অভিযোগ করেন নজরুল ইসলাম খান। তিনি বলেন, কেউ কেউ কোনো দলের পক্ষে বক্তৃতা করতে ধর্মীয় আবেগ ও বিশ্বাসকে আঘাত করেছেন। কিন্তু ইসি কোনো ব্যবস্থা নিচ্ছে না। (বিবিসি ওয়েব পেজ: ০১.০২.২০২৬ এলিনা)

### ঢাকা উত্তর সিটি করপোরেশনের প্রশাসক এজাজের দেশত্যাগে নিষেধাজ্ঞা

ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) প্রশাসক মোহাম্মদ এজাজের দেশত্যাগে নিষেধাজ্ঞা দিয়েছেন আদালত। ক্ষমতার অপব্যবহার ও দুর্নীতির অভিযোগে দুদকের আবেদনের পরিপ্রেক্ষিতে রোববার ঢাকার মেট্রোপলিটন সিনিয়র স্পেশাল জজ মো. সাব্বির ফয়েজ এ আদেশ দেন। বিষয়টি আইনগতভাবে মোকাবিলার কথা জানান প্রশাসক মোহাম্মদ এজাজ। “আমার দিক থেকে আমরা কোনো ভুল বা অন্যায় করিনি। যে-কোনো সিদ্ধান্ত আমরা আইনগতভাবে মোকাবিলা করবো,” তিনি বলেন। দুদকের আবেদনে বলা হয়, মোহাম্মদ এজাজের বিরুদ্ধে ক্ষমতার অপব্যবহার, অনিয়ম, দুর্নীতি ও ঘুস গ্রহণের বিভিন্ন অভিযোগের অনুসন্ধান চলছে। তার বিরুদ্ধে ঢাকা উত্তর সিটি করপোরেশনের অধিনস্ত মিরপুর-গাবতলী পশুর হাট ইজারা, ই-রিকশা প্রকল্প, বোরাক টাওয়ার বা হোটেল শেরাটন দখল, বনানী কাঁচাবাজারে দোকান বরাদ্দ, খিলগাঁও তালতলা সুপার মার্কেটের পার্কিং স্থানে দোকান নির্মাণ ও বরাদ্দ, সিটি করপোরেশনের ভ্যান সার্ভিস, ফুটপাতে দোকান বরাদ্দসহ ডিএনসিসির স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে দুর্নীতির অভিযোগ রয়েছে। আবেদনে আরও বলা হয়, দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪-এর ২২ ধারা এবং দুর্নীতি দমন কমিশন বিধিমালা, ২০০৭-এর ৮ বিধিসহ ফৌজদারি কার্যবিধির ১৬০ ধারা মতে, অভিযোগের বিষয়ে ২৯ জানুয়ারি হাজির হয়ে বক্তব্য দেওয়ার জন্য দুদক থেকে তাকে নোটিশ পাঠানো হলেও, তিনি দুদক কার্যালয়ে উপস্থিত হননি। দুদকের আবেদনে বলা হয়েছে, তারা বিশ্বস্ত সূত্রে জানতে পেরেছে যে, তিনি দেশ ছেড়ে বিদেশে পালিয়ে যেতে পারেন। তাই অভিযোগের সৃষ্ট অনুসন্ধানের স্বার্থে তার বিদেশ যাত্রা বন্ধ করা প্রয়োজন। জানা গেছে, মোহাম্মদ এজাজের বিরুদ্ধে দুর্নীতির একাধিক অভিযোগ জমা পড়ে। এসব অভিযোগ খতিয়ে দেখতে গত বছরের নভেম্বর থেকে আনুষ্ঠানিক অনুসন্ধান শুরু করে দুদক। উল্লেখ্য, গত বছরের ১২ ফেব্রুয়ারি অন্তর্বর্তী সরকার এক বছরের জন্য মোহাম্মদ এজাজকে ঢাকা উত্তর সিটি করপোরেশনের প্রশাসক নিয়োগ দেয়।

(বিবিসি ওয়েব পেজ: ০১.০২.২০২৬ এলিনা)

## ইসলামী সংগঠনে নারীরা নেতৃত্বে আসতে পারে না, আমরা এটা মেনে নিয়েছি

জামায়াতে ইসলামীর মহিলা বিভাগের সেক্রেটারি নুরুন্নেসা সিদ্দিকা বলেছেন, “ইসলামী সংগঠনে নারীরা নেতৃত্বে আসতে পারে না। আমরা এটা মেনে নিয়েই ঈমান এনেছি, এটা মেনে নিয়েই আমরা চলছি।” রোববার নির্বাচন ভবনে প্রধান নির্বাচন কমিশনারের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। জামায়াতে ইসলামীর শীর্ষ পদে নারীদের সুযোগ দেওয়া হবে কিনা- এমন প্রশ্নে নুরুন্নেসা সিদ্দিকা বলেন, “জামায়াতে ইসলামী হলো ইসলামী সংগঠন। ইসলামী সংগঠন ইসলাম মেনে চলবে, এটাই স্বাভাবিক। যেখানে আল্লাহতা’আলা পবিত্র কোরআনে বলেছেন, পুরুষ হচ্ছে নারীদের পরিচালক। এটা আল্লাহর নির্দেশ, এটা ফরজ।” তার মতে, শীর্ষ পদে নারী আসাটা গুরুত্বপূর্ণ না, গুরুত্বপূর্ণ হলো নারীর অধিকার আদায় হচ্ছে কিনা। তিনি বলেন, “গত ৫৪ বছরে দু-জন নারী প্রধানমন্ত্রী দীর্ঘদিন ক্ষমতায় ছিলেন, কিন্তু নারীদের সমস্যা কি সমাধান হয়েছে? নারীদের প্রতি সহিংসতা কমেছে? নারীদের অধিকার আদায় হয়েছে? সূতরাং নারী শীর্ষপদে থাকলেই যে একটা কিছু হয়ে যাবে, কথাটা তো ঠিক না।” “বরং নারী হোক বা পুরুষ, যিনি মানবিক হবেন, নারী পুরুষ সবাইকে মর্যাদা দেবেন, আমরা এমন নেতৃত্ব চাই। এজন্য আমরা শীর্ষপদে আসা জরুরি মনে করি না।” গত বুধবার কাতারভিত্তিক গণমাধ্যম আল-জাজিরাকে দেওয়া সাক্ষাৎকারে বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান জামায়াতের আমির পদে নারীর সুযোগ দেওয়ার প্রসঙ্গে বলেছিলেন, “এটি সম্ভব নয়। নারীদের কিছু ক্ষেত্রে সীমাবদ্ধতা আছে, তারা দায়িত্ব পালন করতে পারবেন না। কিছু শারীরিক অসুবিধা আছে, যা আমরা অস্বীকার করতে পারি না।” তার এমন বক্তব্যের পর সামাজিক যোগাযোগমাধ্যমে ব্যাপক আলোচনা সমালোচনা হয়। (বিবিসি ওয়েব পেজ: ০১.০২.২০২৬ এলিনা)

## জানুয়ারিতে রেমিট্যান্স প্রবাহ ৩ বিলিয়ন ডলার ছাড়িয়েছে

দেশের রেমিট্যান্স প্রবাহের ক্ষেত্রে গত বছরের একই সময়ের তুলনায় ৪৫ দশমিক এক শতাংশ প্রবৃদ্ধি লক্ষ্য করা গেছে। জানুয়ারি মাসে রেমিট্যান্সের পরিমাণ দাঁড়িয়েছে ৩ দশমিক ১৭ বিলিয়ন মার্কিন ডলার, যা দেশের ইতিহাসে একক মাসে তৃতীয় সর্বোচ্চ রেমিট্যান্স প্রবাহ। বাংলাদেশ সংবাদ সংস্থার (বাসস) খবরে বলা হচ্ছে, বাংলাদেশ ব্যাংকের তথ্য অনুযায়ী, গত বছরের একই সময়ে দেশে ২ দশমিক ১৯ বিলিয়ন ডলার রেমিট্যান্স এসেছিল। ২০২৪-২৫ অর্থবছরের মার্চ মাসে বাংলাদেশে ৩ দশমিক ২৯ বিলিয়ন ডলার রেমিট্যান্স পেয়েছিল, যা ছিল দেশের ইতিহাসে একক মাসে সর্বোচ্চ রেমিট্যান্স প্রবাহ। এছাড়া, ২০২৫ সালের ডিসেম্বরে ৩ দশমিক ২৩ বিলিয়ন ডলার রেমিট্যান্স এসেছিল, যা ছিল দ্বিতীয় সর্বোচ্চ। চলতি ২০২৫-২৬ অর্থবছরের জুলাই থেকে জানুয়ারি পর্যন্ত প্রবাসী বাংলাদেশিরা মোট ১৯ দশমিক ৪৪ বিলিয়ন ডলার রেমিট্যান্স পাঠিয়েছেন, যা গত অর্থবছরের একই সময়ে ছিল ১৫ দশমিক ৯৬ বিলিয়ন ডলার। বাসসকে কেন্দ্রীয় ব্যাংকের একজন ঊর্ধ্বতন কর্মকর্তা জানান, বৈদেশিক মুদ্রার সংকট মোকাবিলা এবং রিজার্ভ বাড়াতে রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধির জন্য বাংলাদেশ ব্যাংক বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। তিনি আরও বলেন, এসব পদক্ষেপ প্রবাসীদের আয় বা দেশে রেমিট্যান্স পাঠানোর ক্ষেত্রে ইতিবাচক প্রভাব ফেলেছে।

(বিবিসি ওয়েব পেজ: ০১.০২.২০২৬ এলিনা)

## কর্মজীবী নারীদের বিষয়ে পোস্ট নিয়ে শোরগোল, এক্স অ্যাকাউন্ট হ্যাকের দাবি জামায়াতের

জামায়াতে ইসলামীর আমির শফিকুর রহমানের ভেরিফায়েড এক্স (সাবেক টুইটার) অ্যাকাউন্ট থেকে কর্মজীবী নারীদের বিষয়ে করা একটি পোস্ট নিয়ে তুমুল শোরগোলের মধ্যেই তিনি ও তার দল জানিয়েছেন যে, ওই অ্যাকাউন্টটি শনিবার বিকেলে কিছুক্ষণের জন্য হ্যাক হয়েছিল এবং সেই সময়ের মধ্যেই ওই পোস্টটি করা হয়েছে। জামায়াতে ইসলামী বলছে, ওই পোস্টটি মি. রহমান বা তার অ্যাকাউন্টের দায়িত্বে থাকা ব্যক্তির করেননি বরং বিষয়টি তাদের দৃষ্টিতে পড়ার পর তারা মাত্র ৪৫ মিনিটের মধ্যেই অ্যাকাউন্টটি হ্যাকারদের নিয়ন্ত্রণ থেকে নিজেদের নিয়ন্ত্রণে নিতে পেরেছিলেন। এই হ্যাকিংয়ের সাথে 'একটি বিশেষ দল ও তাদের সাইবার টিম জড়িত' বলে আজ রবিবার এক সংবাদ সম্মেলনে অভিযোগ করেছেন জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল এহসানুল মাহবুব জুবারের। ওদিকে, সারা দেশে ওই পোস্ট নিয়ে তুমুল সমালোচনার ৯ ঘণ্টা পর আইডি হ্যাকের দাবি করার যৌক্তিকতা নিয়ে প্রশ্ন তুলেছে বিএনপি। ওই পোস্টে কর্মজীবী নারীদের অবমাননা করা হয়েছে অভিযোগ করে এর বিরুদ্ধে বিক্ষোভ মিছিল করেছে বিএনপির সহযোগী সংগঠন ছাত্রদল। সামাজিক মাধ্যমেও এ নিয়ে অনেকের সমালোচনার মুখে পড়েছেন জামায়াতের আমির। এদিকে, আইডি হ্যাক করে বিতর্কিত পোস্ট দেওয়ার পর আবার আইডির নিয়ন্ত্রণ ফিরে পাওয়ার যে দাবি জামায়াতে ইসলামী করেছে, তা নিয়েও বিতর্ক তৈরি হয়েছে। সাইবার অপরাধ বিশেষজ্ঞ তানভীর হাসান জোহা বলেন, এক্স (টুইটার) অ্যাকাউন্ট হ্যাক হলে রিকভারি প্রক্রিয়া সাধারণত কয়েকটি টাইম স্লটে ভাগ করে এগোয় এবং প্রতিটি ধাপে আলাদা সময় লাগে।

প্রসঙ্গত, সম্প্রতি আল-জাজিরার ইউটিউব চ্যানেলে দেওয়া এক সাক্ষাৎকার জামায়াতে ইসলামীর আমির পদে নারী আসা সম্ভব নয় বলে আলোচনায় এসেছিলেন মি. রহমান।

## এক্স পোস্ট, জামায়াতের জিডি ও ব্যাখ্যা

‘অ্যাকাউন্ট হ্যাকের পর শফিকুর রহমানের এক্স অ্যাকাউন্টে যে পোস্ট করা হয়েছে’ বলে জামায়াত দাবি করছে, সেই পোস্টে বলা হয়েছিল, “নারীর প্রশ্নে জামায়াতের অবস্থান বিভ্রান্তিকর বা অনুশোচনামূলক নয়, এটা নীতিগত। আমরা

মনে করি না, নারীদের নেতৃত্বে আসা উচিত, জামায়াতে এটা অসম্ভব। আল্লাহ এটা অনুমোদন করেন না।” পোস্টে এর পরের অংশে লেখা হয়, “আমরা বিশ্বাস করি যে, যখন মহিলাদের আধুনিকতার নামে ঘর থেকে বের করা হয়, তখন তারা শোষণ, নৈতিক অবক্ষয় এবং নিরাপত্তাহীনতার মুখোমুখি হয়, তখন এটি অন্য কিছু নয় বরং অন্য রূপে পতিতাবৃত্তির মতোই।” মুহূর্তের মধ্যেই এটি সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়ে এবং এ নিয়ে তীব্র সমালোচনা তৈরি হয়। পরে মধ্যরাতে জামায়াতে ওই অ্যাকাউন্ট থেকে জানায় যে, মি. রহমানের এক্স অ্যাকাউন্ট হ্যাক হয়েছিল। শনিবার রাত ১২টা ৪০ মিনিটে জামায়াতে ইসলামীর ভেরিফায়েড পাতায় এক সংবাদ বিজ্ঞপ্তিতে জামায়াতে জানায়, “অত্যন্ত সমন্বিত পদ্ধতি ব্যবহার করে হামলাকারীরা সাময়িকভাবে আমিরে জামায়াতের এক্স (টুইটার) অ্যাকাউন্টের নিয়ন্ত্রণ নেয়। তবে, দ্রুত পদক্ষেপ এবং বিদ্যমান নিরাপত্তা ব্যবস্থার মাধ্যমে আমাদের সাইবার টিম অল্প সময়ের মধ্যেই নিয়ন্ত্রণ ফিরে পেতে সক্ষম হয়। ফলে অন্যান্য অ্যাকাউন্ট এবং প্ল্যাটফর্মের নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব হয়েছে।”

বিজ্ঞপ্তিতে বলা হয়, “এই স্বল্প সময়ের মধ্যে একটি অনাকাঙ্ক্ষিত পোস্ট প্রকাশিত হয়, যেখানে আমিরে জামায়াতের নামে মিথ্যা বক্তব্য প্রচার করা হয়েছে। আমরা স্পষ্টভাবে জানাচ্ছি, উক্ত পোস্ট/কনটেন্ট আমিরে জামায়াতের কোনো বক্তব্য, মতামত বা অবস্থানকে প্রতিফলিত করে না। এটি সম্পূর্ণ মিথ্যা ও বিভ্রান্তিকর।” সহকারী সেক্রেটারি জেনারেল এহসানুল মাহবুব জুবায়ের স্বাক্ষরিত ওই বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, “সম্প্রতি বাংলাদেশ জামায়াতে ইসলামীর সম্মানিত আমির ডা. শফিকুর রহমানের অফিসিয়াল টুইটার (এক্স) হ্যাণ্ডেলসহ দলের কয়েকজন সিনিয়র নেতৃবৃন্দের সামাজিক যোগাযোগমাধ্যম অ্যাকাউন্টে সাইবার হামলার ঘটনা ঘটেছে।” বিষয়টি নিয়ে শনিবার মধ্যরাতেই হাতিরঝিল থানায় সাধারণ ডায়েরি (জিডি) করেছে জামায়াত। জিডিতে শফিকুর রহমানের ভেরিফায়েড এক্স হ্যাণ্ডেল হ্যাক করে নারী অবমাননাকর পোস্ট দেওয়ার অভিযোগ আনা হয়েছে। মি. রহমান ও দলের পক্ষ জিডিটি করেছেন দলটির নির্বাচন পরিচালনা কমিটির সদস্য ও ছাত্র-শিবিরের সাবেক সভাপতি সিরাজুল ইসলাম। আজ রবিবার দুপুরে দলের পক্ষ থেকে এ বিষয়ে সংবাদ সম্মেলন করা হয়েছে। এতে এহসানুল মাহবুব জুবায়ের বলেছেন, তাদের দলের আমিরের এক্স অ্যাকাউন্ট ষড়যন্ত্রমূলকভাবে কে বা কারা হ্যাক করেছে। “এগুলোর সাথে বিশেষ দল ও তাদের সাইবার টিমের কিছু লোক জড়িত রয়েছেন বলে আমরা মনে করছি। আমরা রাতেই থানায় জিডি করেছি। পরবর্তীতে আইনি পদক্ষেপসহ সব ধরনের পদক্ষেপ নেবো। এটি চরম বাড়াবাড়িমূলক কাজ। আমিরকে বিতর্কিত ও জামায়াতকে জনগণের সামনে হেয় করার অপপ্রয়াস এটি। গভীর ষড়যন্ত্রের অংশ হিসেবেই টুইটার হ্যাক করে তারা এসব করেছেন,” বলেছেন তিনি।

জামায়াতের সংবাদ সম্মেলনে সাইবার অ্যাটাকের বিস্তারিত তথ্য হিসেবে উল্লেখ করা হয়েছে, “এই সাইবার অ্যাটাক মূলত শুরু হয়েছে বলে ধারণা করা হচ্ছে একটি ই-মেইল থেকে। একটি সরকারি ই-মেইল থেকে এসেছে বলে আমরা নিশ্চিত হয়েছি। রাষ্ট্রপতির কার্যালয়ের একজন সরকারি কর্মকর্তার ই-মেইল ব্যবহার করে এ সমস্যা তৈরি করা হয়েছে। হতে পারে ওই কর্মকর্তাও ভিকটিম।” এদিকে, নিজের ভেরিফায়েড ফেসবুক পাতায় শফিকুর রহমান বিবৃতি দিয়ে বলেছেন, তাদের ভুলভাবে উপস্থাপনের জন্য সামাজিক মাধ্যমে মিথ্যা ও বিভ্রান্তিকর কনটেন্ট প্রচার হচ্ছে। ওই বিবৃতিতে তিনি ‘অসত্য ন্যারেটিভের পরিবর্তে তার রেকর্ড, নীতি ও ম্যানিফেস্টোর ভিত্তিতে তাকে বিচার করার’ আহ্বান জানিয়েছেন।

#### ৪৫ মিনিটেই অ্যাকাউন্ট পুনরুদ্ধার !

জামায়াতের ইসলামীর সংবাদ সম্মেলনে বলা হয়েছে, শনিবার বিকেল ৪টা ৫৫ মিনিটে তারা দেখতে পান যে, ৪টা ৩৭ মিনিটে শফিকুর রহমানের এক্স হ্যাণ্ডেলে কর্মজীবী নারীদের নিয়ে অবমাননাকর মন্তব্য সম্বলিত ওই বিতর্কিত লেখাটি পোস্ট করা হয়েছে। এরপর বিকেল ৫টা ২২ মিনিটে ওই অ্যাকাউন্টে ‘ক্যাম্পেইন টিম’-এর পক্ষ থেকে ‘ইম্পরট্যান্ট অ্যানাউন্সমেন্ট’ শিরোনামে ইংরেজিতে একটি পোস্ট করা হয়। পোস্টে ইংরেজিতে যা বলা হয়েছে, তার বাংলা অর্থ এমন : “আমরা স্পষ্ট করে বলতে চাই যে, সম্প্রতি আমিরে জামায়াতের অ্যাকাউন্টটি হ্যাক করা হয়েছে এবং তার নামে মিথ্যা উদ্ধৃতি দিয়ে কিছু পোস্ট করা হয়েছে। এজন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হয়েছে। আমাদের বিরোধীরা যে-কোনো কৌশল অবলম্বন করতে পারে, কিন্তু আমরা জনগণ এবং বাংলাদেশের ভবিষ্যতের জন্য একটি ইতিবাচক প্রচারণার উপর মনোযোগ দেব। পাশাপাশি আজ সংবাদ সম্মেলনেও প্রায় একই কথা বলা হয়েছে। কিন্তু সামাজিক মাধ্যমেই অনেকেই ৪৫ মিনিটের মধ্যে হ্যাক হওয়া এক্স অ্যাকাউন্ট পুনরুদ্ধার নিয়ে প্রশ্ন তুলেছেন। বিএনপির পক্ষ থেকেও এক সংবাদ সম্মেলনে এ দাবির যৌক্তিকতা নিয়ে প্রশ্ন তুলেছেন দলটির নির্বাচন পরিচালনা কমিটির মুখপাত্র মাহদী আমিন। তিনি বলেছেন, “সংগত কারণেই প্রশ্ন ওঠে যে, নারী বিদ্বেষী পোস্টের প্রায় ৯ ঘণ্টা পর সমালোচনার মুখে, রাত ১টার দিকে আইডি হ্যাকের দাবি কতটা যৌক্তিক?” মি. আমিন বলেন, “কোনো গুরুত্বপূর্ণ বা ভেরিফায়েড অ্যাকাউন্ট হ্যাক হলে প্রথম ও প্রধান দায়িত্ব হলো দ্রুততম সময়ে জনগণকে অবহিত করা, যাতে বিভ্রান্তি না ছড়ায় এবং সবাই সতর্ক থাকতে পারে। কিন্তু এখানে দেখা গেল, জনগণের মধ্যে ক্ষোভ ছড়িয়ে পড়ার পর হঠাৎ করে হ্যাকিংয়ের দাবি তোলা হয়েছে। এতে স্বাভাবিকভাবেই প্রশ্ন ওঠে, এই দাবি কতটা বিশ্বাসযোগ্য?”

তিনি বলেন, ওই সময়ের মধ্যে জামায়াত আমিরের ফেইসবুক অ্যাকাউন্টে অনেক পোস্ট হয়েছে, যার মধ্যে তারা এক্স অ্যাকাউন্ট হ্যাক হওয়ার কোনো পোস্ট দেখতে পাননি। সাধারণত এক্স অ্যাকাউন্ট হ্যাক হলে তা পুনরুদ্ধারে কতটা

সময় লাগে- এমন এক প্রশ্নের জবাবে সাইবার অপরাধ বিশেষজ্ঞ তানভীর হাসান জোহা বলছেন, এক্স (Twitter) অ্যাকাউন্ট হ্যাক হলে রিকভারি প্রক্রিয়া সাধারণত কয়েকটি টাইম স্লটে ভাগ করে এগোয় এবং প্রতিটি ধাপে আলাদা সময় লাগে। “প্রথম ০-২৪ ঘণ্টাতে সন্দেহজনক কার্যকলাপ শনাক্ত হলে X অনেক সময় অ্যাকাউন্ট সাময়িকভাবে লক করে এবং প্রাথমিক ভেরিফিকেশন শুরু করে। ২৪-৭২ ঘণ্টার মধ্যে ব্যবহারকারীর পরিচয়, ই-মেইল অ্যাক্সেস ও সিকিউরিটি তথ্য যাচাই হয়; সব ঠিক থাকলে অ্যাকাউন্ট ফেরত আসে। যদি হ্যাকার ই-মেইল, পাসওয়ার্ড ও 2FA পরিবর্তন করে থাকে, তাহলে ৩-৭ দিন সময় নিয়ে ম্যানুয়াল রিভিউ হয়। জটিল বা উচ্চ-ঝুঁকির কেসে, বিশেষ করে ভেরিফায়েড বা রাজনৈতিক অ্যাকাউন্ট হলে, পুরো প্রক্রিয়াটি ৭-১৪ দিন পর্যন্ত গড়াতে পারে,” বিবিসি বাংলাকে বলেছেন মি. জোহা। তিনি সাইবার অপরাধ বিশেষজ্ঞ হিসেবে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের প্রসিকিউটর হিসেবে কাজ করছেন। (বিবিসি ওয়েব পেজ : ০১.০২.২০২৬ আলী আহমেদ)

### বিশ্বকাপে অংশ নিলেও ভারতের বিপক্ষে ম্যাচ খেলবে না পাকিস্তান

পাকিস্তান সরকার তাদের ক্রিকেট দলকে টি-টোয়েন্টি বিশ্বকাপে অংশ নেওয়ার অনুমতি দিয়েছে। তবে দলটি ভারতের বিপক্ষে নির্ধারিত ম্যাচটি খেলবে না। রোববার এক বিবৃতিতে পাকিস্তান সরকার জানায়, “সরকার পাকিস্তান ক্রিকেট দলকে আইসিসি টি-টোয়েন্টি বিশ্বকাপ ২০২৬-এ অংশ নেওয়ার অনুমতি দিয়েছে। তবে পাকিস্তান ক্রিকেট দল ১৫ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে ভারতের বিপক্ষে ম্যাচটি খেলবে না।” এই ঘোষণা এমন এক সময়ে এসেছে, যখন কয়েক দিন ধরেই খবর চলছিল, ভারতের বিপক্ষে ম্যাচ খেলার অনুমতি না দেওয়ার বিষয়টি পাকিস্তান সরকার বিবেচনা করছে। এর আগে, গত সপ্তাহে পাকিস্তান ক্রিকেট বোর্ডের (পিসিবি) চেয়ারম্যান মহসিন নাকভি প্রধানমন্ত্রী শেহবাজ শরিফের সঙ্গে বৈঠকের পর বলেছিলেন, “প্রধানমন্ত্রী সব বিকল্প সামনে রেখে বিষয়টি সমাধানের নির্দেশ দিয়েছেন।” উল্লেখ্য, বাংলাদেশ ভারতের মাটিতে খেলতে অস্বীকৃতি জানানোর কারণে আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল (আইসিসি) বাংলাদেশকে বিশ্বকাপ থেকে বাদ দিয়ে স্কটল্যান্ডকে অন্তর্ভুক্ত করেছিল। এই সিদ্ধান্তকে ‘অন্যায়’ ও ‘ডাবল স্ট্যান্ডার্ড’ (দ্বিচারিতা) বলে অভিহিত করেছিলেন পিসিবি চেয়ারম্যান মহসিন নাকভি। তার ভাষায়, “বাংলাদেশের ক্ষেত্রেও সেই একই নিয়ম প্রযোজ্য হওয়া উচিত, যা অন্য সবার জন্য প্রযোজ্য। যদি কোনো দেশ নিরাপত্তাজনিত কারণে অন্য একটি দেশে খেলতে অস্বীকৃতি জানাতে পারে, তাহলে বাংলাদেশেরও সেই অধিকার থাকা উচিত।” তিনি আরো বলেন, “এমন পরিস্থিতিতে বিশ্বকাপে অংশ নিতে সরকার শ্রীলঙ্কায় টিম পাঠানোর সিদ্ধান্ত নিয়েছে। তবে, বাংলাদেশকে যদি ন্যায্য বিচার দেওয়া না হয়, তাহলে আইসিসি চাইলে (পাকিস্তানকে বাদ দিয়ে) ২২তম টিমকে অন্তর্ভুক্ত করতে পারে।” সেই সময় তিনি বলেছিলেন, পাকিস্তান বিকল্প পরিকল্পনা এ, বি, সি, ডি বিবেচনায় রেখেছে। এর আগে, ভারত অভিযোগ করেছিল, টি-টোয়েন্টি বিশ্বকাপ বয়কট করতে বাংলাদেশকে প্ররোচিত করেছে পাকিস্তান। ভারতীয় ক্রিকেট বোর্ড (বিসিসিআই) এর সহ-সভাপতি রাজীব শুকলা বলেন, চলতি বছর ভারতে আয়োজিত টি-টোয়েন্টি বিশ্বকাপের জন্য বাংলাদেশকে পূর্ণ নিরাপত্তার আশ্বাস দেওয়া হয়েছিল। কিন্তু পাকিস্তান এই বিষয়ে ‘অপ্রয়োজনীয় হস্তক্ষেপ’ করেছে। পাকিস্তানের প্রসঙ্গ টেনে তিনি আরও বলেন, “পাকিস্তান অকারণে এতে জড়িয়ে পড়েছে। বাংলাদেশকে উসকানি দেওয়ার পেছনে পাকিস্তানের বড় ভূমিকা রয়েছে।” রাজীব শুকলা বলেছিলেন, “পাকিস্তানের এসব করা উচিত ছিল না। পাকিস্তান বাংলাদেশিদের সঙ্গে কী অন্যায় করেছে, তা বিশ্ব জানে, বাংলাদেশিরাও জানে। তখনই বাংলাদেশ আলাদা রাষ্ট্র হয়েছিল।” বিসিসিআই-এর সহ-সভাপতি আরো বলেন, পাকিস্তান এখন বাংলাদেশের ‘হিতৈষী’ সেজে তাদের ভুল পথে নিয়ে যাওয়ার চেষ্টা করছে, যা মোটেই সঠিক নয়। (বিবিসি ওয়েব পেজ : ০১.০২.২০২৬ নারগীস)

### এনএইচকে

### গুরুত্বপূর্ণ খনিজ পদার্থের সরবরাহ শৃঙ্খল বাড়াতে কাজ করতে সম্মত জাপান ও ব্রিটেন

জাপানের প্রধানমন্ত্রী তাকাইচি সানায়ে এবং ব্রিটিশ প্রধানমন্ত্রী কিয়ের স্টারমার গুরুত্বপূর্ণ খনিজ পদার্থের সরবরাহ শৃঙ্খল শক্তিশালী করার জন্য সমমনা দেশগুলোর সাথে ঘনিষ্ঠভাবে সমন্বয় সাধনে সম্মত হয়েছেন। শনিবার সন্ধ্যায় টোকিওতে প্রধানমন্ত্রীর কার্যালয়ে আত্মরক্ষা বাহিনীর গার্ড অফ অনার গ্রহণের পর তাকাইচি এবং সফররত স্টারমার প্রায় ২০ মিনিট ধরে কথা বলেন। নিরাপত্তার ক্ষেত্রে, দুই নেতা সাইবার নিরাপত্তায় কৌশলগতভাবে সহযোগিতা বৃদ্ধি, ইটালির সাথে পরবর্তী প্রজন্মের যুদ্ধবিমানের ত্রিপক্ষীয় যৌথ উন্নয়ন ত্বরান্বিত করতে এবং চলতি বছর “টু-প্লাস-টু পররাষ্ট্র ও প্রতিরক্ষামন্ত্রী পর্যায়ে আলোচনা করতে সম্মত হন। অর্থনীতি এবং অর্থনৈতিক নিরাপত্তার ক্ষেত্রে, তাকাইচি এবং স্টারমার বায়ু, কোয়ান্টাম এবং পারমাণবিক ফিউশন বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে শিল্প সহযোগিতা সম্প্রসারণে সম্মত হন। তারা গুরুত্বপূর্ণ খনিজ পদার্থের সরবরাহ শৃঙ্খল শক্তিশালী করার লক্ষ্যে সমমনা দেশগুলোর মধ্যে সমন্বয়ের প্রয়োজনীয়তার বিষয়টিও নিশ্চিত করেন। এই ধরনের খনিজ পদার্থের উপর চীনের রপ্তানি নিষেধাজ্ঞা সম্পর্কে ক্রমবর্ধমান আন্তর্জাতিক উদ্বেগের মধ্যে এটি এলো। তাকাইচি এবং স্টারমার একটি কর্ম পর্যায়ে নৈশভোজে বিভিন্ন বিষয়ের উপর মতবিনিময় করেন। জাপান সফরের আগে চীনের প্রেসিডেন্ট শি জিনপিংয়ের সাথে স্টারমারের বৈঠকের প্রেক্ষিতে একটি অবাধ ও উন্মুক্ত ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল নিশ্চিত করার বিষয়টি উত্থাপিত হয়েছিল। মধ্যপ্রাচ্য এবং ইউক্রেনের পরিস্থিতি নিয়েও আলোচনা করা হয়েছিল। (এনএইচকে ওয়েবপেইজ: ০১.০২.২৬ রনি)

## ডয়চে ভেলে

### জাতীয় নির্বাচনে ‘৫৫ শতাংশের বেশি’ ভোট পড়বে

বাংলাদেশে আগামী ১২ ফেব্রুয়ারির ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ৫৫ শতাংশের বেশি ভোট পড়বে বলে মনে করছেন পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেন। তিনি বলেন, “১৯৯১ সালের জাতীয় নির্বাচনে ৫৫ শতাংশ ভোট পড়েছিল। তবে, এবার নির্বাচনে ৫৫ শতাংশের বেশি ভোট পড়বে বলে আমার মনে হয়।” ঢাকায় রোববার সাংবাদিকদের এক প্রশিক্ষণ কর্মশালার সমাপনী অধিবেশনে একথা বলেন হোসেন। অধিবেশনে ‘ভারতে অবস্থানরত আওয়ামী লীগের নেতারা গণভোটে ‘না’ ভোট দিতে প্রচার চালাচ্ছেন, সেক্ষেত্রে সরকার সুষ্ঠুভাবে নির্বাচন সম্পন্ন করতে পারবে কি না’ এমন এক প্রশ্নের জবাবে জানতে চাইলে পররাষ্ট্র উপদেষ্টা বলেন, “বুঝে, না বুঝে ‘না’ ভোটের পক্ষে ক্যাম্পেইন হচ্ছিল। অনেকে না বুঝেই ‘না’ ভোটের পক্ষে। সরকার চায় যে, ‘হ্যাঁ’ ভোট জয়যুক্ত হোক, এটা খুব স্পষ্ট।” তিনি বলেন, “সরকার এক বছরের বেশি সময় নিয়ে বিভিন্ন কমিশনের মাধ্যমে সংস্কারের প্রস্তাব তৈরি করেছে, সেটা বাস্তবায়ন করতে চায়। ‘হ্যাঁ’, ‘না’ ভোট নিয়ে সমস্যা যেটা ছিল জামায়াত, এনসিপি এবং আরও দু-একটি দল, তারা ‘হ্যাঁ’ ভোটের পক্ষে ক্যাম্পেইন করেছে। একটু এম্বুগিউটি (অস্পষ্টতা) ছিল বিএনপিকে নিয়ে। দু-একজন স্থানীয় নেতা ‘না’-এর পক্ষে বলছিলেন। ‘হ্যাঁ’-এর পক্ষে বলছিলেন যে কয়েকজন কেন্দ্রীয় নেতা, তাদের কণ্ঠ জোরালো ছিল না বলে মনে হয়েছে।” “এটা আমি ব্যক্তি হিসেবে বলছি, মন্ত্রী হিসেবে নয় বা উপদেষ্টা হিসেবে নয়। কিন্তু আমার মনে হয়, সেই কনফিউশনটা (বিভ্রান্তি) দূর হয়ে গেছে। কারণ, গতকাল বিএনপির সভাপতি (চেয়ারম্যান) ‘হ্যাঁ’-এর পক্ষে জোরালোভাবে, শক্তভাবে বলেছেন,” যোগ করেন তৌহিদ হোসেন।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০১.০২.২০২৬ রুবাইয়া)

### জামায়াতের আমিরের এক্স অ্যাকাউন্ট হ্যাকের অভিযোগ

ষড়যন্ত্রমূলকভাবে বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির শফিকুর রহমানের এক্স অ্যাকাউন্ট হ্যাক করা হয়েছে বলে অভিযোগ করেছেন দলটির প্রচার ও মিডিয়া বিভাগের প্রধান এহসানুল মাহবুব জুবায়ের। শফিকুর রহমানের এক্স অ্যাকাউন্ট থেকে প্রকাশিত একটি পোস্ট নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে ব্যাপক বিতর্ক শুরু হলে তার দল আইনি পদক্ষেপও নিয়েছে। ওই পোস্টে নারীদের বিষয়ে অপমানসূচক মন্তব্য ছিল। এহসানুল মাহবুব জুবায়ের রোববার এক সংবাদ সম্মেলনে বলেন, “জামায়াতে ইসলামীর আমির শফিকুর রহমানের এক্স অ্যাকাউন্ট অত্যন্ত ষড়যন্ত্রমূলকভাবে কে বা কারা হ্যাক করেছে। জামায়াতের তথ্য-প্রযুক্তি দল এ বিষয়ে খোঁজ-খবর নিচ্ছে। কারা এ কাজ করেছে, সেটি জানার চেষ্টা করছে।” এদিকে, শনিবার রাতে শফিকুর রহমানের ভেরিফায়েড এক্স হ্যান্ডেল হ্যাক করে নারী অবমাননাকর পোস্ট দেওয়ার অভিযোগে হাতিরঝিল থানায় সাধারণ ডায়েরি (জিডি) করেছে জামায়াত। দলটির নির্বাচন পরিচালনা কমিটির সদস্য ও ছাত্র-শিবিরের সাবেক সভাপতি সিরাজুল ইসলাম এ জিডি করেন। হাতিরঝিল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) গোলাম মুর্তজা আজ রোববার প্রথম আলোকে বলেন, “গতকাল রাতে একটি জিডি হয়েছে। বিষয়টি তারা অনুসন্ধান করে দেখছেন।” (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০১.০২.২০২৬ রুবাইয়া)

## জাগো নিউজ

### হ্যাক হওয়া পোস্টে কোনো মা-বোন কষ্ট পেয়ে থাকলে ক্ষমা চেয়ে নিচ্ছি : ডা. শফিকুর রহমান

জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, “হ্যাক হওয়া পোস্টে কোনো মা-বোন কষ্ট পেয়ে থাকলে ক্ষমা চেয়ে নিচ্ছি। তারা আমার ভেরিফায়েড ‘এক্স’ হ্যান্ডেল হ্যাক করেছিল। পরে সেখান হতে মায়েদের নিয়ে নোংরা মন্তব্য ছড়াচ্ছিল। একটা দল দেখলাম হই-হই, রই-রই করে মিছিল শুরু করে দিয়েছে। যারা মায়েদের সম্মান করতে জানে না, তারাই মিছিল শুরু করল। রোববার শেরপুরের শহিদ দারোগ আলী পৌরপার্ক মাঠে এক নির্বাচনি জনসভায় তিনি এসব কথা বলেন। শফিকুর রহমান বলেন, “নারীদের বিভিন্ন জায়গায় অসম্মান করা হচ্ছে। যারা নারীদের অসম্মান করে, তারা চার পায়ের জন্তু। নারীদের ‘মা’ সম্বোধন করে তিনি বলেন, মায়েদের বিভিন্ন জায়গায় অসম্মানিত করা হচ্ছে। যারা করছেন, তারাও মায়েদের সন্তান। তাদের প্রতি আমাদের অনুরোধ, আপনারা আপনাদের মা-স্ত্রী, বোনকে সম্মান করতে শিখুন।” জামায়াত আমির বলেন, “নিজের পরিবারকে সম্মান করতে জানলে ৯ কোটি মাকে সম্মান করতে পারবেন। যারা নারীদের অসম্মান করে, তারা অমানুষ। সমাজে নৈতিক অবক্ষয় বাড়ছে। নারীদের মর্যাদা রক্ষায় সবাইকে সচেতন হতে হবে।” (জাগো নিউজ ওয়েব পেজ: ০১.০২.২০২৬ আসাদ)

### দেড় বছরে ঢাকায় প্রচুর ভোটের মাইগ্রেশন হয়েছে, যা অস্বাভাবিক : নজরুল ইসলাম খান

বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও নির্বাচন পরিচালনা কমিটির প্রধান নজরুল ইসলাম খান বলেছেন, আমরা নির্বাচন কমিশনকে এর আগেও বলেছিলাম, গত এক-দেড় বছরের মধ্যে ঢাকা মহানগরীসহ দেশের বিভিন্ন এলাকায় প্রচুর ভোটারের মাইগ্রেশন হয়েছে। বিশেষ বিশেষ, কিছু এলাকায় অনেক নতুন ভোটার হয়েছে, যেটা অস্বাভাবিক। রোববার রাজধানীর আগারগাঁওয়ের নির্বাচন ভবনে প্রধান নির্বাচন কমিশনের সঙ্গে বৈঠক শেষে তিনি এসব কথা বলেন। নজরুল ইসলাম খান বলেন, এর আগে এ রকমভাবে কখনও ভোটার মাইগ্রেশন হয়নি। নির্বাচন কমিশন বলছে, কোনো আসনে দুই-তিন হাজারের বেশি হয়নি। তবে আমরা ইসির কথায় সন্তুষ্ট হতে পারিনি। আমরা নিশ্চিত জানি যে, এই তথ্য যারা



সরবরাহ করেছে, তারা সঠিক তথ্য সরবরাহ করে না। প্রকৃতপক্ষে অনেক বেশি ভোটের মাইগ্রেশন হয়েছে। বিএনপি ইসির কাছে আসনভিত্তিক ভোটের মাইগ্রেশনের তথ্য জানতে চেয়েছে বলেও জানান তিনি। নজরুল ইসলাম খান আরও বলেন, দুর্ভাগ্যজনক হলেও সত্য, এমন হোল্ডিং নম্বর, যেখানে চার-পাঁচজনের বেশি বসবাসই করেন না, সেখানে ২০-৩০ জনের তথ্য পাচ্ছি। কিছু মন্দ লোক এমনটি করছে। তারা ভোটের আইডি, বিকাশ নম্বর নিয়ে কিছু কেলেক্সারি করেছে। সম্ভবত এ ধরনের ভুল ভোটের বা ভোটের মাইগ্রেশনের ঘটনা ঘটছে। আমরা মনে করি, এ ব্যাপারে নির্বাচন কমিশনের ভূমিকা যথাযথ হওয়া দরকার। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০২.২০২৬ আসাদ)

### জাতীয় নির্বাচনে সীমিত হচ্ছে মোবাইল ব্যাংকিংয়ে লেনদেন

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে মোবাইল ব্যাংকিং সেবা ও ইন্টারনেট ব্যাংকিংয়ের মাধ্যমে অর্থ লেনদেনে কড়াকড়ি আরোপের উদ্যোগ নিয়েছে বাংলাদেশ ব্যাংক। এ উদ্যোগ কার্যকর হলে বিকাশ, রকেট, নগদসহ সব এমএফএস প্ল্যাটফর্মে একবারে সর্বোচ্চ এক হাজার টাকা পাঠানো যাবে এবং দিনে মোট লেনদেনের সীমা থাকবে ১০ হাজার টাকা। বাংলাদেশ ব্যাংকের দায়িত্বশীল সূত্রে জানা গেছে, আগামী ৮ থেকে ১৩ ফেব্রুয়ারি পর্যন্ত এই সীমাবদ্ধতা কার্যকর থাকতে পারে। একই সময়ে, ব্যাংকের অ্যাপ ও ইন্টারনেট ব্যাংকিং ব্যবহার করে ব্যক্তি থেকে ব্যক্তি অর্থ স্থানান্তর সাময়িকভাবে বন্ধ রাখার পরিকল্পনাও রয়েছে। গত সপ্তাহে এক জরুরি সংবাদ সম্মেলনে এ বিষয়ে বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আহসান এইচ মনসুরকে প্রশ্ন করা হলে তিনি বলেন, নির্বাচন কমিশনের পক্ষ থেকে আনুষ্ঠানিক নির্দেশনা এলে, সে অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে। প্রয়োজন হলে বাংলাদেশ ব্যাংক প্রজ্ঞাপন জারি করে ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান ও এমএফএস সেবাদাতাদের বিষয়টি জানিয়ে দেবে। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০২.২০২৬ আসাদ)

### আপিলও খারিজ, নির্বাচন করতে পারবেন না হাসনাতের প্রতিদ্বন্দ্বী মুন্সী

হাইকোর্টের পর সুপ্রিম কোর্টের আপিল বিভাগেও প্রার্থিতা টেকেনি কুমিল্লা-৪ আসনে বিএনপি মনোনীত প্রার্থী মঞ্জুরুল আহসান মুন্সীর। তার করা লিভ টু আপিল খারিজ করে দিয়েছেন আপিল বিভাগ। ফলে তিনি নির্বাচনে অংশ নিতে পারছেন না। এই আসনে জাতীয় নাগরিক পার্টির প্রার্থী হাসনাত আবদুল্লাহর প্রধান প্রতিদ্বন্দ্বী ছিলেন মুন্সী। রোববার প্রধান বিচারপতি জুবায়ের রহমান চৌধুরীর নেতৃত্বাধীন আপিল বিভাগের পূর্ণাঙ্গ ও নিয়মিত বেঞ্চ মঞ্জুরুল আহসান মুন্সীর আবেদনটি নাকচ করেছেন। এর আগে, গত ২১ জানুয়ারি ঋণখেলাপির অভিযোগে মনোনয়নপত্র বাতিল ঘোষণা করে নির্বাচন কমিশনের সিদ্ধান্তের বিরুদ্ধে বিএনপি প্রার্থী মঞ্জুরুল আহসান মুন্সীর করা রিট সরাসরি খারিজ করে দেন হাইকোর্ট। পরে তিনি আপিল বিভাগে আবেদন করেন। ঋণখেলাপির অভিযোগে গত ১৭ জানুয়ারি কুমিল্লা-৪ আসনে বিএনপির প্রার্থী মঞ্জুরুল আহসান মুন্সীর মনোনয়নপত্র বাতিল ঘোষণা করে নির্বাচন কমিশন।

(জাগো নিউজ ওয়েব পেজ:০১.০২.২০২৬ আসাদ)

### কুমিল্লা-১০; নির্বাচনে বাধা নেই বিএনপির মোবাস্থের আলমের

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে কুমিল্লা-১০ আসনে ধানের শীষ প্রতীকের প্রার্থী মোবাস্থের আলম ভূঁইয়ার প্রার্থিতা নিয়ে আপিল বিভাগ লিভ টু আপিল মঞ্জুর করে আদেশ দিয়েছেন। ফলে তিনি নির্বাচন করতে পারবেন। কিন্তু আপিল নিষ্পত্তি হওয়ার আগে পর্যন্ত তার ফলাফল অনিষ্পন্ন থাকবে। রোববার প্রধান বিচারপতি জুবায়ের রহমান চৌধুরীর নেতৃত্বাধীন বেঞ্চ এ আদেশ দেন। ঋণখেলাপির অভিযোগ থাকা কুমিল্লা-১০ আসনে বিএনপির মোবাস্থের আলম তার প্রার্থিতা ফিরে পেতে মনোনয়নপত্র বাতিলের সিদ্ধান্তের বৈধতা নিয়ে হাইকোর্টে রিট করেছিলেন। রিটের শুনানি নিয়ে ২৫ জানুয়ারি হাইকোর্ট রুল দিয়ে মনোনয়নপত্র বাতিলের সিদ্ধান্ত স্থগিত করেন। একইসঙ্গে তাকে ধানের শীষ প্রতীক বরাদ্দ দিতে নির্দেশ দেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০২.২০২৬ আসাদ)

### ভাতা ও নিরাপত্তার দাবিতে মানববন্ধন করছেন নির্বাচনি পর্যবেক্ষকরা

ত্রয়োদশ সংসদ নির্বাচনের পর্যবেক্ষকদের ভাতা এবং পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতসহ বিভিন্ন দাবি নিয়ে মানববন্ধন করছেন ইলেকশন অবজারভার সোসাইটি। রোববার দুপুর ২টার দিকে রাজধানীর আগারগাঁওয়ে অবস্থিত নির্বাচন কমিশন ভবনের সামনে এই কর্মসূচি শুরু করেন তারা। সংগঠনটি জানায়, ইওএস-এর সাধারণ সম্পাদক মহিউদ্দিন আমিনের নেতৃত্বে নির্বাচন কমিশনের সামনে এই মানববন্ধন হচ্ছে। তাদের প্রধান দাবিগুলোর মধ্যে রয়েছে, নির্বাচন পর্যবেক্ষকদের জন্য ন্যায্য যাতায়াত ও খাবার ভাতা প্রদান, দায়িত্ব পালনকালে পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করা এবং পর্যবেক্ষক পরিচয়পত্র প্রাপ্তি সহজীকরণ। সংগঠনটি আরও জানায়, মাঠ পর্যায়ে নির্বাচন পর্যবেক্ষকরা নানা প্রতিকূলতার মধ্যে কাজ করেন। তাদের ন্যায্য অধিকার আদায় এবং পরিচয়পত্র প্রাপ্তিতে জটিলতা নিরসনের দাবিতেই আমরা এই শান্তিপূর্ণ কর্মসূচির ডাক দিয়েছি। দাবি আদায় না হওয়া পর্যন্ত আমাদের এই কর্মসূচি অব্যাহত থাকবে।

(জাগো নিউজ ওয়েব পেজ:০১.০২.২০২৬ আসাদ)

### সোমবার এলপিজির নতুন দাম ঘোষণা

ফেব্রুয়ারি মাসে তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস এলপিজির দাম বাড়ছে, নাকি কমছে, তা জানা যাবে সোমবার। এদিন এক মাসের জন্য এলপিজির নতুন দাম ঘোষণা করা হবে। রোববার বাংলাদেশ অ্যানার্জি রেগুলেটরি কমিশনের বিইআরসি এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০২.২০২৬ আসাদ)

### একটি দল জাতীয়তাবাদের কথা বলে বিদেশি নাগরিকদের প্রার্থী করেছে : আসিফ মাহমুদ

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া বলেছেন, একটি দল জাতীয়তাবাদের কথা বলে, অথচ নির্বাচনি মাঠে বিদেশি নাগরিকদের প্রার্থী করেছে। শীতকালে চীন, রাশিয়া ও সাইবেরিয়া থেকে বাংলাদেশে যেমন অতিথি পাখি আসে, একইভাবে এদেশে কিছু বিদেশি নাগরিক অতিথি পাখির মতো বাংলাদেশে এসে নির্বাচন করে। নির্বাচন শেষ হয়ে গেলেই আবার বিদেশে তারা উড়াল দেবে। রোববার সিরাজগঞ্জের শাহজাদপুর পৌরসভার বিসিক বাসস্ট্যাণ্ডে সিরাজগঞ্জ-৬ আসনে ১১ দলীয় নির্বাচনি ঐক্যের পথসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। এসময় তিনি আসন্ন নির্বাচনে গণভোটে ‘হ্যাঁ’ এবং শাপলা কলি প্রতীকে ভোট দেওয়ার আহ্বান জানান। আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া বলেন, চক্ৰিশের গণ-অভ্যুত্থান হয়েছে সুশাসন, দুর্নীতি ও চাঁদাবাজমুক্ত বাংলাদেশ গড়ে তুলতে। এজন্যই জাতীয় পর্যায়ে ১১ দলীয় জোট গঠন করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০২.২০২৬ আসাদ)

### ভারতের বাজেটে বাংলাদেশের জন্য বরাদ্দ কমে অর্ধেক

ভারতের ২০২৬-২৭ অর্থবছরের কেন্দ্রীয় বাজেটে বাংলাদেশের জন্য বরাদ্দ উল্লেখযোগ্যভাবে কমানো হয়েছে। নতুন বাজেটে বাংলাদেশকে দেওয়া হয়েছে ৬০ কোটি রুপি, যা আগের অর্থবছরের ১২০ কোটি রুপির তুলনায় অর্ধেক। ভারতের কূটনৈতিক সূত্রগুলোর দাবি, সংখ্যালঘু নির্যাতন ইস্যুতে টানা পড়েন এবং ২০২৪ সালে শেখ হাসিনা সরকারের পতনের পর ঢাকার পররাষ্ট্রনীতিতে পাকিস্তানমুখী ঝোঁকের প্রেক্ষাপটেই এই বরাদ্দ কমানো হয়েছে। গত বৃহস্পতিবার ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয় রাজ্যসভাকে জানায়, বাংলাদেশে সংখ্যালঘুদের, বিশেষ করে হিন্দু সম্প্রদায়ের বিরুদ্ধে সহিংসতার অভিযোগ সরকার ‘নিরবচ্ছিন্নভাবে পর্যবেক্ষণ’ করছে। ভারতীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী কীর্তি বর্ধন সিং বলেন, রাজনৈতিক ও কূটনৈতিক উভয় পর্যায়েই একাধিকবার বাংলাদেশি কর্তৃপক্ষের কাছে সংখ্যালঘুদের নিরাপত্তার বিষয়টি জোরালোভাবে তুলে ধরেছে ভারত। ২০২৫ সালের ৪ এপ্রিল বাংলাদেশের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে বৈঠকে ভারতীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীও বিষয়টি উত্থাপন করেন। অন্যদিকে, বর্তমান প্রশাসনের আমলে বাংলাদেশ-পাকিস্তান সম্পর্ক নতুন গতি পাচ্ছে। ২০২৪ সালে মিশরে এক সম্মেলনের ফাঁকে পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফের সঙ্গে সাক্ষাৎ করেন ড. মুহাম্মদ ইউনূস। তখন তিনি ১৯৭১ সাল সংশ্লিষ্ট অমীমাংসিত বিষয়গুলোর সমাধানের আগ্রহ প্রকাশ করেন। শাহবাজ শরীফ বৈঠকটিকে ‘উষ্ণ ও সৌহার্দ্যপূর্ণ’ বলে উল্লেখ করেন। এরপর দুই দেশ কূটনৈতিক ও সরকারি পাসপোর্টধারীদের জন্য ভিসামুক্ত প্রবেশে সম্মত হয়। পাশাপাশি, যৌথ অর্থনৈতিক কমিশন পুনরুজ্জীবন এবং নতুন বাণিজ্য ও বিনিয়োগ কমিশন গঠনের সিদ্ধান্ত নেয় ঢাকা ও ইসলামাবাদ। বাংলাদেশ-পাকিস্তান যৌথ অর্থনৈতিক কমিশনের সর্বশেষ বৈঠক হয়েছিল ২০০৫ সালে। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০২.২০২৬ আসাদ)

### সাবেক মেয়র রমজান আলীর বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা

মানিকগঞ্জ পৌরসভার সাবেক মেয়র রমজান আলীর বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেছেন আদালত। রোববার (১ ফেব্রুয়ারি) মানিকগঞ্জ জেলা দায়রা জজ আদালতের বিচারক এস কে এম তোফায়েল হাসান এ আদেশ দেন। বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেছেন জেলা দায়রা জজ আদালতের পাবলিক প্রসিকিউটর (পিপি) এ এফ এম নূরতাজ আলম বাহার। তিনি জানান, দুর্নীতি দমন কমিশনের (দুদক) দায়ের করা দুইটি মামলায় সাবেক মেয়র রমজান আলীর বিরুদ্ধে এ গ্রেফতারি পরোয়ানা জারি করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০২.২০২৬ রিহাব)

### র্যাবের গুলিতে পা হারানো লিমনকে ২ কোটি ৬০ লাখ টাকা ক্ষতিপূরণ দিতে রুল

ঝালকাঠির লিমন হোসেনকে গুলি করে পঙ্গু করার ঘটনায় র্যাপিড অ্যাকশন ব্যাটালিয়নের (র্যাব) অভিযুক্ত কর্মকর্তাদের সর্বশেষ অবস্থান জানতে চেয়েছেন হাইকোর্ট। এছাড়া, গুলিতে পা হারানো লিমনকে ২ কোটি ৬০ লাখ টাকা ক্ষতিপূরণ দিতে কেন নির্দেশ দেওয়া হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেছেন আদালত। আগামী চার সপ্তাহের মধ্যে সংশ্লিষ্টদের রুলের জবাব দিতে বলা হয়েছে। এ সংক্রান্ত বিষয়ে শুনানি নিয়ে রোববার (১ ফেব্রুয়ারি) হাইকোর্টের বিচারপতি আহমেদ সোহেল এবং বিচারপতি ফাতেমা আনোয়ারের সমন্বয়ে গঠিত বেঞ্চ রুলসহ এই আদেশ দেন। আদালতে আজ রিটের পক্ষে শুনানি করেন ব্যারিস্টার সারা হোসেন। তিনি সাংবাদিকদের জানান, লিমনকে নানাভাবে হয়রানি করা কেন আইন বহির্ভূত ও অসাংবিধানিক ঘোষণা করা হবে না এবং তার মৌলিক অধিকার লঙ্ঘন হিসেবে গণ্য হবে না, সেই মর্মে রুল জারি করা হয়েছে। পা হারানোর ঘটনায় তার যে ক্ষতি হয়েছে, সেজন্য তাকে কেন ক্ষতিপূরণ দেওয়া হবে না, রুলে তাও জানতে চাওয়া হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০২.২০২৬ রিহাব)

### চাচাকে বাবা সাজিয়ে মুক্তিযোদ্ধা কোটায় চাকরি, সেই কর্মকর্তা বরখাস্ত

জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি) সিনিয়র সহকারী সচিব মো. কামাল হোসেনকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে। মুক্তিযোদ্ধা কোটার অপব্যবহার করে, চাচাকে বাবা সাজিয়ে বিশ্ববিদ্যালয়ে ভর্তি ও বিসিএস প্রশাসন ক্যাডারে চাকরি নেওয়ার অভিযোগে গত ২৮ জানুয়ারি তাকে কারাগারে পাঠানো হয়। রোববার (১ ফেব্রুয়ারি) তাকে বরখাস্ত করে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। তিনি চাঁপাইনবাবগঞ্জের নাচোলের উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) থাকার সময় তার বিরুদ্ধে এ মামলা করে দুর্নীতি দমন কমিশন (দুদক)। প্রজ্ঞাপনে বলা হয়, কামাল হোসেন বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সিনিয়র সহকারী সচিব) গত ২৮ জানুয়ারি

ঢাকার মহানগর সিনিয়র স্পেশাল জজ কোর্টে হাজির হয়ে দুদকের মামলায় জামিন প্রার্থনা করলে আদালত শুনানি শেষে তার জামিন নামঞ্জুর করে জেল হাজতে পাঠিয়েছেন। আরও বলা হয়, ‘সরকারি চাকরি আইন, ২০১৮’-এর ৩৯(২) ধারা অনুযায়ী, সরকার তাকে সরকারি চাকরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করা প্রয়োজন ও সমীচীন মনে করেন। তাই সরকারি চাকরি আইনের ৩৯(২) ধারা অনুযায়ী, ওএসডি সিনিয়র সহকারী সচিব কামাল হোসেনকে ২৮ জানুয়ারি থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো। সাময়িক বরখাস্তকালে তিনি বিধি অনুযায়ী, খোরপোশ ভাতা প্রাপ্য হবেন বলে প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০২.২০২৬ রিহাব)

### জানুয়ারিতে রেমিট্যান্স এলো সাড়ে ৩৮ হাজার কোটি টাকা

সদ্য বিদায়ী জানুয়ারি মাসের পুরো সময়ে ৩.১৭ বিলিয়ন বা ৩১৭ কোটি ডলারের রেমিট্যান্স বা প্রবাসী আয় পাঠিয়েছেন বিভিন্ন দেশে বসবাসরত প্রবাসী বাংলাদেশিরা। দেশীয় মুদ্রায় (প্রতি ডলার ১২২ টাকা ধরে) এর পরিমাণ ৩৮ হাজার ৬৭৪ কোটি টাকা। বাংলাদেশ ব্যাংক সূত্রে এ তথ্য জানা গেছে। বাংলাদেশ ব্যাংকের তথ্যে জানা গেছে, নতুন বছরের প্রথম মাসে ৩১৭ কোটি ডলারের রেমিট্যান্স বা প্রবাসী আয় এসেছে, যা গত বছরের একই সময়ের তুলনায় ৯৮ কোটি ৫০ লাখ ডলার বেশি এসেছে। গত বছরের প্রথম মাস জানুয়ারিতে এসেছিল ২১৮ কোটি ৫০ লাখ ডলার। এদিকে, চলতি ২০২৫-২৬ অর্থবছরে জুলাই থেকে জানুয়ারি পর্যন্ত (প্রথম ৭ মাস) রেমিট্যান্স ১ হাজার ৯৪৩ কোটি ৬০ লাখ ডলার, যা গত বছরের একই সময়ে এসেছিল ১ হাজার ৫৮৬ কোটি ২০ লাখ ডলার। সে হিসাবে গত বছরের তুলনায় ৩৪৭ কোটি ৪০ লাখ ডলার বেশি এসেছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০২.২০২৬ রিহাব)

### এমপি বানাবেন এমন একজনকে, যে ঢাকা-লন্ডন গিয়ে হারিয়ে যাবে না

ভোটারদের উদ্দেশ্যে জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল ও খুলনা-৫ আসনের জামায়াত মনোনীত প্রার্থী মিয়া গোলাম পরওয়ার বলেছেন, এমপি বানাবেন এমন একজনকে, যে ঢাকা-লন্ডন গিয়ে হারিয়ে যাবে না। যাকে খুঁজে পাওয়া যাবে না, এমন কাউকে নয়। তিনি আরও বলেন, দেশকে সহিংস রাজনীতির হাত থেকে রক্ষা করতে হবে। শান্তিপূর্ণ ও ভয়মুক্ত নির্বাচনের পরিবেশ নিশ্চিত করতে হবে। রোববার (১ ফেব্রুয়ারি) ডুমুরিয়া উপজেলার মাগুরখালী ও শরাফপুর এবং ফুলতলা উপজেলার আটরা-গিলাতলা ইউনিয়নের উঠান বৈঠক, গণসংযোগ ও পথসভায় প্রধান অতিথির বক্তৃতাকালে এসব কথা বলেন মিয়া গোলাম পরওয়ার। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০২.২০২৬ রিহাব)

### বাংলাদেশে নারী প্রার্থী ও সাংবাদিকরা প্রযুক্তিনির্ভর সহিংসতার শিকার

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ঘিরে নারী প্রার্থী, রাজনৈতিক কর্মী ও সাংবাদিকরা অসম মাত্রায় প্রযুক্তিনির্ভর লিঙ্গভিত্তিক সহিংসতার শিকার হচ্ছেন বলে মন্তব্য করেছেন বাংলাদেশে জাতিসংঘ উন্নয়ন কর্মসূচির (ইউএনডিপি) আবাসিক প্রতিনিধি স্টেফান লিলার। তিনি বলেন, অনলাইন হয়রানি, ভয়ভীতি, যৌন হয়রানিমূলক বিভ্রান্তি ও ডক্সিং (অনুমতি ছাড়া অন্যের ব্যক্তিগত তথ্য প্রকাশ করা)-এর মতো আক্রমণ নারীদের কণ্ঠরোধ করতে এবং রাজনৈতিক ও গণমাধ্যমে তাদের অংশগ্রহণ নিরুৎসাহিত করার উদ্দেশ্যে পরিচালিত হচ্ছে। রোববার (১ ফেব্রুয়ারি) রাজধানীর একটি হোটেলে ডিপ্লোম্যাটিক করেসপন্ডেন্টস অ্যাসোসিয়েশন, বাংলাদেশ (ডিক্যাব) আয়োজিত নির্বাচন প্রতিবেদন বিষয়ক দুদিনব্যাপী প্রশিক্ষণের সমাপনী অধিবেশনে তিনি এসব কথা বলেন।

(জাগো নিউজ ওয়েব পেজ:০১.০২.২০২৬ রিহাব)

### আন্দোলনরত আরও ৭ কর্মচারীকে বদলি, সোমবারও ফের কর্মবিরতি

নিউমুরিং কনটেইনার টার্মিনাল (এনসিটি) বিদেশিদের ইজারা দেওয়ার সিদ্ধান্তের প্রতিবাদে আন্দোলনরত আরও ৭ কর্মচারীকে বিভিন্ন স্থানে বদলি করেছে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের চিফ পার্সোনাল অফিসার মো. নাসির উদ্দিনের সই করা এক অফিস আদেশে তাদের বদলি করা হয়। জরুরি দাপ্তরিক ও অপারেশনাল কাজে প্রয়োজনের কথা উল্লেখ করে এসব কর্মীকে নিজ নিজ বর্তমান কর্মস্থল থেকে প্রত্যাহার করে ঢাকায় বিভিন্ন দপ্তরে সংযুক্ত করা হয়েছে। আদেশে ১ ফেব্রুয়ারি বদলির সিদ্ধান্ত কার্যকর হবে এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের ওই তারিখেই বর্তমান কর্মস্থল থেকে অবমুক্ত হয়ে নতুন কর্মস্থলে যোগ দিতে বলা হয়েছে। এ নিয়ে দুই দিনে বন্দরের মোট ১১ কর্মচারীকে বদলি করা হলো। পাশাপাশি আন্দোলনরত শ্রমিকরা সোমবারও ৮ ঘণ্টার কর্মবিরতির ডাক দিয়েছেন।

(জাগো নিউজ ওয়েব পেজ:০১.০২.২০২৬ রিহাব)

### আপিল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত দণ্ডপ্রাপ্তদের মুক্তি নয়

২০২৪ সালের জুলাই-আগস্ট গণ-অভ্যুত্থান চলাকালীন রাজধানীর চানখাঁরপুলে ছয়জনকে হত্যার ঘটনায় মানবতাবিরোধী অপরাধে লঘু দণ্ডপ্রাপ্ত পাঁচ পুলিশ সদস্যের সাজা বাড়াতে করা আপিল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত কারাগারে আটক আসামিদের মুক্তি না দিতে নির্দেশ দিয়েছেন আপিল বিভাগের চেম্বার জজ আদালত। একইসঙ্গে তিন বছরের কারাদণ্ডপ্রাপ্ত কনস্টেবল মো. সুজন মিয়া'র বিষয়ে দেওয়া ট্রাইব্যুনালের পর্যবেক্ষণ স্থগিত করা হয়েছে। রাষ্ট্রপক্ষের করা আবেদনের শুনানি নিয়ে রোববার (১ ফেব্রুয়ারি) আপিল বিভাগের বিচারপতি মো. রেজাউল হকের চেম্বার জজ আদালত এই আদেশ দেন। আদালতে আজ রাষ্ট্রপক্ষে শুনানি করেন চিফ প্রসিকিউটর মোহাম্মদ তাজুল ইসলাম। তিনি আদেশের বিষয়টি সাংবাদিকদের নিশ্চিত করেছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০২.২০২৬ রিহাব)

### নারায়ণগঞ্জে বিএনপি কর্মীকে লক্ষ্য করে গুলি

নারায়ণগঞ্জের আড়াই হাজারে এক বিএনপি কর্মীকে লক্ষ্য করে গুলির ঘটনা ঘটেছে। রোববার (১ ফেব্রুয়ারি) রাতে আড়াই হাজার চৌরাস্তা থেকে বাড়ি যাওয়ার পথে এই ঘটনা ঘটে। ওই বিএনপি কর্মীর নাম আমির হোসেন। তিনি আড়াই হাজার উপজেলার মাহমুদপুর ইউনিয়নের শ্রীনিবাসদি এলাকার বাসিন্দা। এ ঘটনায় তিনি আড়াই হাজার থানায় লিখিত অভিযোগ দিয়েছেন। স্থানীয়রা জানান, রাত আনুমানিক ৮টার দিকে আড়াই হাজার চৌরাস্তা থেকে বাড়ির উদ্দেশ্যে গাড়ি নিয়ে রওয়ানা দেন আমির হোসেন। গাড়িটি আড়াই হাজারের বাইপাস সড়কে পৌঁছালে পেছন থেকে একটি মোটরসাইকেলে করে এসে দু-জন তার গাড়ি লক্ষ্য করে গুলি ছোড়ে। এসময় চালকের আসনে বসা বিএনপি কর্মী আমির হোসেন অস্ত্রের জন্য বেঁচে যান। পরে তিনি গাড়ি থামিয়ে দিলে দুর্বৃত্তরা পালিয়ে যায়। আড়াই হাজার থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আলাউদ্দিন বলেন, ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। দুর্বৃত্তদের চিহ্নিত করতে চেষ্টা চলছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০২.২০২৬ রিহাব)

### নির্বাচনে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আইন-শৃঙ্খলা সমন্বয় সেল গঠন

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট সূষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে আইন-শৃঙ্খলা সমন্বয় সেল গঠন করেছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়। রোববার (১ ফেব্রুয়ারি) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা (পরিচালক) ফয়সল হাসান এ তথ্য জানিয়েছেন। তিনি জানান, নির্বাচনকালীন আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিবিড় পর্যবেক্ষণ এবং দ্রুত সমন্বয়ের লক্ষ্যে এ সেল গঠন করা হয়েছে। আইন-শৃঙ্খলা সংশ্লিষ্ট যে-কোনো জরুরি প্রয়োজনে সাধারণ জনগণ ও সংশ্লিষ্টদের যোগাযোগের জন্য নির্দিষ্ট টেলিফোন ও মোবাইল নম্বর চালু রাখা হয়েছে। আইন-শৃঙ্খলা সমন্বয় সেলের জরুরি যোগাযোগের টেলিফোন নম্বরগুলো হলো- ০২-৪৭১১৮৭০০, ০২-৪৭১১৮৭০১, ০২-৪৭১১৮৭০২ ও ০২-৪৭১১৮৭০৩। এছাড়া, মোবাইল নম্বর ০১৫৫০-০৬৪২২৬ (হোয়াটসঅ্যাপ) এবং ০১৫৫০-০৬৪২২৭ নম্বরেও যোগাযোগ করা যাবে। নির্বাচনকালীন আইন-শৃঙ্খলা সংক্রান্ত যে-কোনো অভিযোগ, তথ্য বা সহায়তার জন্য এসব নম্বরে যোগাযোগ করতে অনুরোধ জানিয়েছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০২.২০২৬ রিহাব)

### একটি গোষ্ঠী ইসলামের নামে আমেরিকান আদর্শ প্রতিষ্ঠার পায়তারা করছে

ইসলামের নাম দিয়ে একটি গোষ্ঠী আমেরিকান আদর্শসহ বিদেশি সংস্কৃতি প্রতিষ্ঠার পায়তারা করছে বলে মন্তব্য করেছেন ইসলামী আন্দোলন বাংলাদেশের আমির ও চরমোনাই পীর মুফতি সৈয়দ মুহাম্মদ রেজাউল করীম। রোববার (১ ফেব্রুয়ারি) রাতে সোনাইমুড়ী সরকারি মডেল উচ্চবিদ্যালয় মাঠে নোয়াখালী-১ আসনের হাতপাখা প্রতীকের নির্বাচনি জনসভায় তিনি এ কথা বলেন। চরমোনাই পীর বলেন, “একটি বিশেষ গোষ্ঠী ইসলামের নাম ব্যবহার করলেও, তারা আসলে ক্ষমতার লোভে মত্ত হয়ে উঠেছে। বর্তমানে প্রচলিত নিয়মে দেশ পরিচালনার ফলে সাধারণ মানুষ চরমভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে।” জনসভায় মুফতি সৈয়দ মুহাম্মদ রেজাউল করীম মায়েরদের সন্তান হারানো, দেশ থেকে হাজার কোটি টাকা পাচার এবং দুর্নীতিতে বাংলাদেশের বারবার শীর্ষস্থানে থাকার বিষয়টিও তুলে ধরে জনগণের সিদ্ধান্ত জানতে চান। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০২.২০২৬ রিহাব)

### জাতীয় পার্টি অলরেডি মৃত, ১২ তারিখ হবে তাদের ‘জানাজা’: হাসনাত আবদুল্লাহ

আগামী ১২ ফেব্রুয়ারি জাতীয় পার্টির ‘জানাজা’ অনুষ্ঠিত হবে বলে জানিয়েছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আবদুল্লাহ। রোববার (১ ফেব্রুয়ারি) রাতে রংপুরের কাউনিয়ায় জাতীয় নাগরিক পার্টির পদযাত্রায় দেওয়া বক্তব্যে তিনি এ কথা বলেন। হাসনাত আবদুল্লাহ বলেন, “ভোটের মধ্যদিয়ে আগামী ১২ তারিখ জাতীয় পার্টির আনুষ্ঠানিক দাফন সম্পন্ন করতে হবে। তারা অলরেডি মৃত, ১২ তারিখ হবে তাদের জানাজা।” ‘হ্যাঁ’ ভোট প্রসঙ্গে তিনি বলেন, “আমরা দেখেছি ওপেনে তারেক জিয়া (তারেক রহমান) ‘হ্যাঁ’ ভোটের পক্ষে অবস্থান নিয়েছেন। নাহিদ ইসলাম ‘হ্যাঁ’ ভোটের পক্ষে অবস্থান নিয়েছেন। ডা. শফিকুর রহমান ‘হ্যাঁ’ ভোটের পক্ষে অবস্থান নিয়েছেন। বাংলাদেশের ফ্যাসিবাদবিরোধী রাজনৈতিক দলগুলো ‘হ্যাঁ’ ভোটের পক্ষে অবস্থান নিয়েছে। অত্যন্ত পরিতাপের বিষয়, ভারতের যে রাজনৈতিক দলের বাংলাদেশ শাখা জাতীয় পার্টি ‘না’ ভোটের পক্ষে অবস্থান নিয়েছে।” (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০২.২০২৬ রিহাব)

### ক্রীড়া সংগঠক মোস্তফা কামাল আর নেই

দেশের ক্রীড়াঙ্গনের পরিচিত মুখ মোস্তফা কামাল আর নেই। রোববার ভোরে রাজধানীর শান্তিনগরে নিজ বাসায় ৮৮ বছর বয়সে তিনি ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তিনি বার্ষিক্যজনিত নানা রোগে আক্রান্ত ছিলেন দীর্ঘদিন। মোস্তফা কামাল শুধু একজন সংগঠক ছিলেন না, তিনি ছিলেন নামি ক্রীড়াবিদও। ষাটের দশকে ঢাকার খেলার মাঠকে মাতিয়েছেন। ফুটবলের পাশাপাশি, তিনি ভলিবলও খেলেছিলেন। ষাটের দশকে মোস্তফা কামাল দাপটের সঙ্গে ঢাকার প্রথম বিভাগ ফুটবলে খেলেছেন আজাদ স্পোর্টিং ক্লাবে। এরপর ১৯৬৬ সালে নাম লেখান ঐতিহ্যবাহী মোহামেডান স্পোর্টিং ক্লাবে। সাদা-কালো জার্সিতে কাটানো চার বছরের মধ্যে দু-বারই তিনি লিগ চ্যাম্পিয়ানের স্বাদ পেয়েছেন। ভলিবল কোর্টেও মোস্তফা কামাল ছিলেন অপ্রতিরোধ্য। ১৯৬৩ থেকে ১৯৭০ পর্যন্ত পূর্ব পাকিস্তান ভলিবল দলের অপরিসংখ্য সদস্য ছিলেন তিনি এবং ১৯৬৮ সালে নেতৃত্ব দিয়েছেন অধিনায়ক হিসেবে। তিনি

জাতীয় ক্রীড়া পরিষদের সহকারী পরিচালক হিসেবেও দায়িত্ব পালন করেছেন। সহ-সভাপতি ছিলেন বাংলাদেশ ভলিবল ফেডারেশনের। মৃত্যুর আগ পর্যন্ত তিনি বাংলাদেশ স্পোর্টস প্রেস অ্যাসোসিয়েশনের (বিএসপিএ) আজীবন সদস্য ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ০১.০২.২০২৬ রিহাব)

### **ক্রিকেট বৈরিতার মধ্যেই ফুটবল মাঠে মুখোমুখি বাংলাদেশ-ভারত**

ভারতে খেলবে না বাংলাদেশ- এমন সিদ্ধান্তে অটল থাকায় বাংলাদেশকে টি-টোয়েন্টি বিশ্বকাপ থেকেই বাদ দিয়েছে আইসিসি। ক্রিকেটের এই বৈরিতার মধ্যেই সোমবার ফুটবল মাঠে মুখোমুখি হচ্ছে দুই দেশ। তবে, বাংলাদেশ বা ভারতের মাঠে নয়, এ লড়াই হবে নিরপেক্ষ ভেন্যু নেপালের পোখারায়। হিমালয়ের দেশটিতে চলছে সাফ নারী অনূর্ধ্ব-১৯ চ্যাম্পিয়ানশিপ। চার দেশের এই টুর্নামেন্ট শুরু হয়েছে ৩১ জানুয়ারি। প্রথম দিন বাংলাদেশ ১২-০ গোলে হারিয়েছে ভুটানকে এবং ভারত ১-০ গোলে হারিয়েছে নেপালকে। বাংলাদেশ ও ভারত এই টুর্নামেন্টের বর্তমান যৌথ চ্যাম্পিয়ন। এবার কাদের হাতে উঠবে ট্রফি? লিগ-ভিত্তিক খেলা শেষে শীর্ষ দুই দলের মধ্যে হবে ফাইনাল। নিজেদের প্রথম ম্যাচ জিতে ফাইনালের রাস্তা প্রায় পরিষ্কার করে রেখেছে বাংলাদেশ ও ভারত। সোমবার দুপুর (১২টায়) এই মোকাবিলার পর দেশ দুটি ফাইনালেও মুখোমুখি হবে বলে ধারণা করা হচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ০১.০২.২০২৬ রিহাব)

## **BBC**

### **DEADLY GUN AND BOMB ATTACKS HIT PAKISTAN'S BALUCHISTAN PROVINCE**

A series of gun and bomb attacks across Pakistan's south-western Balochistan province have killed 31 civilians and 17 security service personnel, the region's Chief Minister Sarfraz Bugti says. Security forces responding to the violence killed at least 145 attackers, according to Bugti. The Balochistan Liberation Army (BLA) rebel group had earlier said it was behind the attacks, claiming dozens of soldiers were killed. The escalation is one of the deadliest days of violence in the impoverished province, where Pakistan's government has been battling an ethnic insurgency for decades. (BBC News Web Page: 01/02/26, FARUK)

### **SLOVAKIA PM'S NATIONAL SECURITY ADVISER RESIGNS OVER EPSTEIN LINKS**

The national security adviser to Slovakia's prime minister has resigned after documents released by the US showed he exchanged messages about girls and diplomacy with the late sex offender Jeffrey Epstein. Robert Fico announced he had accepted Miroslav Lajcak's departure in a video message on Saturday, describing the adviser as "an incredible source of experience in diplomacy and foreign policy". The resignation comes a day after three million files relating to the influential financier were released by the US Department of Justice. While the files do not show any wrongdoing on the part of those featured, including Lajcak, they have raised renewed questions for those who associated with Epstein.

(BBC News Web Page: 01/02/26, FARUK)

### **ISRAELI AIR STRIKES KILL AT LEAST 32 PALESTINIANS IN GAZA: RESCUE OFFICIALS**

At least 32 people have been killed in a wave of Israeli air strikes across the Gaza Strip on Saturday, according to local authorities. The civil defence agency, which is operated by Hamas, says children and women were among those killed. It added that in one attack, helicopter gunships hit a tent sheltering displaced people in the southern city of Khan Younis. Palestinians have described these strikes as the heaviest since the second phase of the ceasefire, brokered by US President Trump last October, came into effect earlier this month. The Israeli military confirmed that a number of strikes were carried out in response to what it said was a Hamas violation of the agreement on Friday.

(BBC News Web Page: 01/02/26, FARUK)

### **FIVE KILLED IN GAS EXPLOSIONS IN IRAN: OFFICIALS**

Five people have been killed in two separate explosions in Iran which local officials and state media say were caused by gas leaks. One person was killed and 14 injured in a blast at a residential building in the southern city of Bandar Abbas on the Gulf coast, a local official told Iran's semi-official Mehr news agency. Another explosion killed four people in the south-western city of Ahvaz, the state-run Tehran Times reported. It comes as tensions persist in the region after a build-up of US forces in the Gulf and pressure on Tehran from US President Donald Trump to strike a deal on its nuclear programme.

(BBC News Web Page: 01/02/26, FARUK)

## **IRAN IN 'SERIOUS DISCUSSIONS' WITH US, TRUMP SAYS, AS MILITARY THREAT LOOMS**

Donald Trump says Iran was in "serious discussions" following the build-up of US military forces nearby, as Iran's supreme leader Ayatollah Ali Khamenei warned any attack would spark a regional conflict. The US president said he hoped negotiations would lead to something "acceptable". Iran's top security official Ali Larijani also said a framework for negotiations was progressing. Trump has threatened to intervene in Iran over its nuclear ambitions and after its deadly crackdown on anti-government protests. "The Americans should know that if they start a war, this time it will be a regional war," Khamenei was quoted as saying by the semi-official Tasnim news agency.

(BBC News Web Page: 01/02/26, FARUK)

## **INDIA PUSHES LOCAL INDUSTRY AS GLOBAL TENSIONS RISE**

India's Finance Minister Nirmala Sitharaman has presented her annual budget for 2026-27, announcing higher infrastructure spending and measures to support domestic manufacturing amid rising global uncertainties. India is expected to close this financial year with 7.4% gross domestic product (GDP) growth according to the country's Economic Survey, but economic expansion will slow slightly next year as US President Donald Trump's 50% tariffs on Indian exporters start taking a greater toll. The budget has laid a strong emphasis on fiscal restraint, targeting a lower deficit for the upcoming financial year. The fiscal deficit is the gap between the government's total expenditure and its total revenue.

(BBC News Web Page: 01/02/26, FARUK)

## **MORE THAN 200 KILLED IN MINE COLLAPSE IN DR CONGO**

More than 200 people have been killed in a mine collapse in eastern Democratic Republic of Congo, rebel authorities have said. The mine, in the town of Rubaya, gave way on Wednesday due to heavy rains, Lumumba Kambere Muyisa, spokesman for the North Kivu region's rebel governor, told reporters. At the time, the death toll remained unclear. Women and children were among those mining coltan - a mineral used to manufacture electronics such as smartphones and computers - at the time. A former supervisor of the mine told the BBC the site was not properly maintained, making accidents more likely and hampering rescue efforts when they occur. (BBC News Web Page: 01/02/26, FARUK)

## **US ENVOY ARRIVES IN VENEZUELA TO REOPEN MISSION AFTER SEVEN YEARS**

The top United States envoy for Venezuela has arrived in Caracas to reopen a US diplomatic mission seven years after ties were severed. Laura Dogu announced her arrival in a post on YouTube Saturday, saying, "My team and I are ready to work." The move comes almost one month after US forces abducted Venezuela's then-president, Nicolas Maduro, from the presidential palace in Caracas, on the orders of US President Donald Trump. Maduro was then taken to a prison in New York, and is facing drug trafficking and narcoterrorism conspiracy charges. The move has been widely criticized as a violation of international law. (BBC News Web Page: 01/02/26, FARUK)

**:: THE END ::**